



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
পশ্চিম মেডা, ব্রাহ্মণবাড়িয়া।

Covid-19 রোধকল্পে স্বাস্থ্যবিধি
পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক
নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলের
নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২০/০৬/২০২১ইং তারিখ রোজ রবিবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস
কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ শাহ আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক,
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-
পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

বাস্তবায়ন রিপোর্টঃ

ক) Covid-19 সংক্রমন রোধকল্পে সরকারি স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রধান কার্যালয় কর্তৃক পত্রের মাধ্যমে প্রদত্ত সকল
নির্দেশনা অত্র কার্যালয় এবং সকল শাখায় শতভাগ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিত করার জন্য পুনঃপরামর্শ প্রদান ;

খ) ব্যাংক ব্যবসা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগণের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে অত্র কার্যালয় কর্তৃক প্রদত্ত
নির্দেশনা সমূহ শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করা হয়েছে। বিশেষ করে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (CITIZEN CHARTER) ও সকল
প্রকার সেবার মূল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে ;


গ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর Hotline (১৬২৩৬), বিকেবি'র নির্বাহীবৃন্দের ফোন নম্বর
এবং অভিযোগ বন্ধু শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে ;

ঘ) অত্র মুখ্য অঞ্চলের সকল শাখা (২৮টি) অন-লাইন কার্যক্রম শুরু করেছে। আসন্ন ৩০শে ২০২১ জুন হিসাব সমাপনীর কাজ যাতে সুষ্ঠু ও
সঠিকতার সহিত নির্ভুলভাবে সংগঠিত হয় সে বিষয়ে অত্র কার্যালয় এর "অবাক" কর্মকর্তাকে সার্বক্ষণিক মনিটরিং এবং শাখা সমূহকে প্রয়োজনীয়
সহায়তা প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে ;


ঙ) সকল শাখায় গ্রাহক সেবার মানোন্নয়ন এ সর্বদা সচেষ্ট থাকতে হবে। গ্রাহকদের দ্রুত এবং সঠিক সেবা প্রদানের মাধ্যমে গ্রাহক হয়রানি ও
দুনীতি নিরসনের কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে ;

সিদ্ধান্ত সমূহঃ


- ১। Covid-19 করোনা ভাইরাস ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এ বিষয়ে আরো সচেতন হতে হবে। মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে
এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে। একই সাথে নিরাপদ দূরত্ব বজায় রেখে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে ;
- ২। শাখাসমূহের অন-লাইন এ আনয়নের সময় যে সকল ত্রুটি এবং গড়মিল রয়েছে তা অতি দ্রুত সমাধান এবং সিএল মার্ক, ক্রোস
মার্ক, RSDL মার্ক, ইন্টারেস্ট রেট সঠিকায়নের মাধ্যমে জুন ২০২১ হিসাব সমাপনীর কার্যক্রম সুষ্ঠু ও নির্ভুলভাবে সম্পাদন করা ;
- ৩। শাখায় অবশ্যই পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। যাতে করে শাখায় আগত নির্বাহীগণ পরিদর্শন কালে তাদের মতামত
লিপিবদ্ধ করতে পারেন ;


মুহাম্মদ হোসাইন হোসাইন
ফোকাল কর্মকর্তা
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য কর্মকর্তা


মোঃ আলমগীর ভূইয়া
সদস্য
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য কর্মকর্তা


আব্দুল আজিজ
সদস্য
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা


মোঃ ইউছুফ খান
সদস্য
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
সহকারী মহাব্যবস্থাপক


(মোঃ শাহ আলম)
আঞ্চলিক
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ/দঃ)।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। অফিস নথি।